Gap Inc.

বিক্রেতার আচরণ নীতিমালা

বিক্রেতার আচরণ নীতিমালাটি সেই সব সেবাপ্রদানকারী প্রতিষ্ঠান/কারখানার জন্য প্রযোজ্য যারা Gap Inc. বা এর নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান, বিভাগ, অধীভুক্ত প্রতিষ্ঠান বা এজেন্টের জন্য পণ্য উৎপাদন করে থাকে|

যেহেতু Gap Inc. এ কথা স্বীকার করে যে সারা বিশ্বের সেবাপ্রদানকারী প্রতিষ্ঠান তথা কারখানাগুলো বিভিন্ন আইনানুগ ও সাংস্কৃতিক পরিমণ্ডলে তাদের কর্মকাণ্ড পরিচালনা করে সেহেতু এই নীতিমালা দ্বারা ঐসব মৌলিক চাহিদার কথা বলা হচ্ছে যেগুলো সব সেবাপ্রদানকারী প্রতিষ্ঠান তথা কারখানাকে Gap Inc. -এর সঙ্গে ব্যবসায় করার উদ্দেশ্যে অবশ্যই পূরণ করতে হবে| এই নীতিমালা আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO)-এর রীতির সারমর্ম এবং মানবাধিকার সংক্রান্ত সর্বজনীন ঘোষণাসহ আন্তর্জাতিকভাবে স্বীকৃত শ্রম মানের ওপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে| কোনো সেবাদানকারী প্রতিষ্ঠান বা কারখানার নিয়োগ পদ্ধতি ও পরিবেশগত অনুকূল অবস্থা বজায় রাখা সম্প র্কে Gap Inc. -এর অব্যাহত মূল্যায়নের ভিত্তি কেমন হবে তার ব্যবস্থা এই নীতিমালায় রাখা হয়েছে|

I. আইন মান্যকরণ

যেসব সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানা Gap Inc.-এর জন্য পণ্যসামগ্রী উৎপাদন করে থাকে তাদেরকে নিজ নিজ দেশের আইন এবং অন্যান্য সব প্রযোজ্য আইন, বিধি ও প্রবিধান পূর্ণাঙ্গরূপে মেনে কর্মকাণ্ড পরিচালনা করতে হবে| Gap Inc.-এর সঙ্গে ব্যবসায়িক লেনদেন চালানোর শর্ত হিসেবে প্রত্যেক বিক্রেতাকে অবশ্যই বিক্রেতার আচরণ নীতিমালাটি মেনে চলতে হবে| Gap Inc. বিক্রেতার নীতিমালা মেনে চলার বিষয়টি মূল্যায়ন ও নিশ্চিত করার জন্য যাচাই ও সংশোধনকরণ পদ্ধতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখবে| যদি স্থানীয় আইন অনুযায়ী চাহিদা এবং Gap Inc.-এর বিক্রেতার আচরণ নীতিমালা অনুযায়ী চাহিদার মধ্যে পার্থক্য দেখা দেয় তাহলে অধিকতর কঠোর চাহিদা প্রযোজ্য হবে| বিক্রেতা এবং বিক্রেতার অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহ পণ্যসামগ্রী উৎপাদনের জন্য কেবল Gap Inc. কর্তৃক অনুমোদিত সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানা ব্যবহার করবে| পণ্যসামগ্রী উৎপাদনের কাজ শুরু করার আগে এই সব সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানা ব্যবহার করার জন্য বিক্রেতাকে Gap Inc. -এর নিকট থেকে পূর্বাহ্নে লিখিতভাবে প্রাধিকারদানকৃতপত্র তথা পূর্বানুমতিপত্র গ্রহণ করতে হবে|

II. পরিবেশ

সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানাগুলো প্রযোজ্য যাবতীয় পরিবেশগত আইন ও প্রবিধান মেনে চলতে বাধ্য থাকবে| সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানাগুলো শক্তি ও গ্রিন হাউস গ্যাস (GHG) নির্গমন, বায়ুদূষণ (বায়ুতে নির্গতকরণ), পানির খরচের/ব্যবহারের পরিমাণ, পানির গুণমান, অপচয়িত পানি, বর্জ্য ভিন্নমুখীকরণের মাধ্যমে অপসারণ এবং রাসায়নিক ব্যবহার ও নিয়ন্ত্রণকরণসহ পরিবেশের ওপর তাদের প্রভাব সম্প র্কে অবশ্যই যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে|

III. শারীরিক শ্রম

A. শিশু শ্রম

সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানা যাদের বয়স প্রযোজ্য ন্যূনতম আইনানুগ বয়সের চাহিদা কিংবা কমপক্ষে ১৫ বছর বয়সের চাহিদার মধ্যে যেটি অপেক্ষাকৃত বেশি হবে কেবল সেই সব শ্রমিককে নিয়োগদান করবে| এছাড়া সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানা অন্যান্য সব প্রযোজ্য শিশু শ্রমিক আইনও মেনে চলতে বাধ্য থাকবে| সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানাকে তার শ্রমিকদের শিক্ষামূলক কল্যাণের জন্য আইনানুগ কর্মস্থল শিক্ষানবিশি কর্মসূচি গ্রহণের জন্য উৎসাহিত করা হচ্ছে, তবে শর্ত থাকে যে সব অংশগ্রহণকারী Gap Inc. -এর ন্যূনতম ১৫ বছর বয়সসীমা এবং ন্যূনতম আইনানুগ বয়স এই উভয় চাহিদা পূরণ করবে|

B. বিদেশি চুক্তিভিত্তিক শ্রমিক

যেসব সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানা বিদেশি চুক্তিভিত্তিক শ্রমিক (Foreign Contract Workers-FCWs) রিক্রুট কিংবা নিয়োগ করে তারা এ-বিষয় নিশ্চিত করবে যে এই সব শ্রমিকের সঙ্গে ন্যায্যভাবে এবং স্থানীয় শ্রমিকদের প্রতি প্রদর্শিত আচরণের মতো একই রূপ আচরণ করা হচ্ছে| অভিবাসী শ্রমিকদের জোরপূর্বক, বাধ্যতামূলক, চুক্তিবদ্ধ তথা বন্ডেড বা প্রতিজ্ঞাবদ্ধ শ্রমিক হিসেবে বাধ্য করা যাবে না| শ্রমিকদের কাজ অবশ্যই স্বেচ্ছামূলক হবে এবং তারা কোনো রকম জরিমানা ছাড়াই যে কোনো সময় তাদের নিয়োগের অবসান বা সমাপ্তি ঘটানোর ব্যাপারে স্বাধীনতা ভোগ করবে| অভিবাসী শ্রমিকদের (অথবা তাদের পরিবারের সদস্যদের) জোরপূর্বক কাজে যোগদানের ব্যাপারে বাধ্যকরণে কর্তৃপক্ষকে অবহিতকরণের হুমকি প্রদর্শন করা যাবে না কিংবা যে কোনো সময় জরিমানা ব্যতিরেকে স্বেচ্ছায় নিয়োগের অবসান ঘটানোর ব্যাপারে তাদের বাধা দান করা যাবে না|

C. বৈষম্য বা পক্ষপাতিত্ব

সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানাগুলো শ্রমিকদেরকে তাদের কাজ করার যোগ্যতার ভিত্তিতে নিয়োগদান করবে, তাদের ব্যক্তিগত বৈশিষ্ট্য কিংবা বিশ্বাসের ভিত্তিতে নয়|

D. বাধ্যকৃত শ্রমিক

সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানাগুলো কয়েদি শ্রমিক, ঋণজনিত দাসত্ব, ক্রীতদাস শ্রমিক কিংবা সরকারের বাধ্যকৃত শ্রমিকসহ কোনো প্রকার অনৈচ্ছিক শ্রমিককে ব্যবহার করতে পারবে না|

E. সংগঠন বা সমিতি করার স্বাধীনতা

শ্রমিকেরা তাদের নিজ নিজ পছন্দ মতো সংগঠন বা সমিতিতে যোগদানের ব্যাপারে সম্পূর্ণ স্বাধীন| যদি শ্রমিকেরা বৈধভাবে ও শান্তিপূর্ণভাবে সম্মিলিত হয়ে সমিতি গঠন করে, সংগঠিত হয় কিংবা কর্তৃপক্ষের সঙ্গে দরকষাকষি করতে চায় তাহলে সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানাগুলো শ্রমিকদের এহেন কাজে নাক গলাতে পারবে না| এই কাজ করবে কি করবে না সে-ব্যাপারে কেবল শ্রমিকেরাই সিদ্ধান্ত গ্রহণ করবে|

F. সদয় ব্যবহার

সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানাগুলো সব শ্রমিকের সঙ্গে সম্মানজনক ও মর্যাদাপূর্ণ ব্যবহার করবে| তারা কোনো শ্রমিককে শারীরিক শাস্তি প্রদান কিংবা কোনো ধরনের দৈহিক বা মানসিক পীড়ন করতে পারবে না|

G. মজুরি ও সুবিধা এবং নিয়োগের শর্তসমূহ

সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানাগুলো যাবতীয় প্রযোজ্য আইন মেনে মজুরি ও ওভারটাইম প্রিমিয়াম পরিশোধ করবে| শ্রমিকদেরকে কমপক্ষে ন্যূনতম বৈধ মজুরি কিংবা এমন মজুরি, যা স্থানীয় শিল্প প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত মানসম্প ন্ন , তা পরিশোধ করতে হবে| শ্রমিকদের মৌলিক চাহিদা এবং মর্জিমাফিক কিছু আয় মেটানোর জন্য যথেষ্ট হবে এমন পরিমাণ মজুরি ও সুবিধাদানের জন্য সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানাগুলোকে উৎসাহিত করা হচ্ছে|

H. কাজের সময় বা ঘণ্টা নির্ধারণ

সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানাগুলো যাবতীয় প্রযোজ্য আইন মেনে কাজের সময় বা ঘণ্টা নিরূপণ করবে| যেহেতু এ-কথা বলার অপেক্ষা রাখে না যে পোশাকশিল্পের উৎপাদন কাজে প্রায়শ ওভারটাইম তথা অতিরিক্ত সময় কাজের প্রয়োজনীয়তা দেখা দেয় সেহেতু সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানাগুলো তাদের কাজ এমনভাবে পরিচালনা করবে যাতে অনুকূল মানবিক ও উৎপাদনশীল কাজের পরিবেশ নিশ্চিতকরণের লক্ষ্যে ওভারটাইমের সীমা সীমিত পর্যায়ে রাখা যায়|

IV. পেশা সংক্রান্ত

A. পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা

সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানাগুলো কাজের পরিবেশ সংক্রান্ত যাবতীয় প্রযোজ্য আইন ও প্রবিধান মেনে চলবে এবং শ্রমিকদের জন্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মত পরিবেশের ব্যবস্থা করবে|

B. ডরমিটরি বা থাকার ব্যবস্থা (যদি প্রযোজ্য হয়)

যেসব সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানা শ্রমিকদের বাসস্থানের ব্যবস্থা করে থাকে তারা তা পরিচ্ছন্ন ও নিরাপদ রাখার ব্যবস্থা করবে|

V. ব্যবস্থাপনা পদ্ধতি

সেবাদানকারী প্রতিষ্ঠান/কারখানাগুলো প্রযোজ্য আইন, প্রবিধান এবং বিক্রেতার আচরণ নীতিমালা মেনে চলার বিষয়টি নিশ্চিতকরণের লক্ষ্যে উপযুক্ত পরিচালনা নিয়ন্ত্রণ ব্যবস্থাসহ অব্যাহত তথা টেকসই ব্যবস্থাপনা পদ্ধতি প্রতিষ্ঠা করবে| ব্যবস্থাপনা পদ্ধতি টেকসই সংক্রান্ত ঝুঁকিগুলো চিহ্নিত করে তা নিয়ন্ত্রণে রাখবে এবং উন্নয়নের ধারা বজায় রাখবে|

GAP BANANA REPUBLIC OLD NAVY ATHLETA